

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-৬

তারিখঃ ৩১ জুলাই ২০১১
১৬ শ্রাবণ ১৪১৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

প্রিয় মহোদয়,

Deferred Tax হিসাব সংরক্ষণ প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসরণ করে শ্রেণীকৃত ঋণ, অগ্রিম বা বিনিয়োগ (ইসলামিক শরিয়াহ মোতাবেক পরিচালিত ব্যাংকের ক্ষেত্রে) এর বিপরীতে ব্যাংকসমূহ প্রয়োজনীয় সংস্থান সংরক্ষণ করলেও কোনো কোনো ব্যাংক উক্ত ঋণ, অগ্রিম বা বিনিয়োগ আদায় হয়ে যাবে বা অবলোপিত হবে বিবেচনা করে উক্ত সংস্থানের উপর ভিত্তি করে “Deferred Tax Asset” হিসাব সৃষ্টি করে আর্থিক বিবরণী (Financial Statements) প্রস্তুত করেছে। এর ফলে সংশ্লিষ্ট ব্যাংকের করপরবর্তী মুনাফা ও সম্পত্তির পরিমাণ ক্ষীণ হতে পারে। ব্যাংকের প্রকৃত আর্থিক অবস্থা প্রতিফলনের লক্ষ্যে আর্থিক বিবরণীতে “Deferred Tax Asset” ও “Deferred Tax Liability” সংক্রান্ত হিসাব অর্ন্তভুক্ত করার ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য ব্যাংকসমূহকে নির্দেশ দেয়া হলোঃ-

১) ঋণ, অগ্রিম বা বিনিয়োগ (ইসলামিক শরিয়াহ মোতাবেক পরিচালিত ব্যাংকের ক্ষেত্রে) এর বিপরীতে রক্ষিত সংস্থানের উপর ভিত্তি করে “Deferred Tax Asset” হিসাবভুক্ত করা যাবে না;

২) বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড অনুযায়ী অন্যান্য যে সমস্ত বিষয়ের উপর আয়কর আইন অনুযায়ী ভবিষ্যতে আয়কর সুবিধা পাওয়া যাবে সে সমস্ত বিষয়ের উপর Deferred Tax Asset হিসাবভুক্ত করা হলে সে সম্পর্কে বিস্তারিত বিবরণ (ভিত্তি, পরিমাণ ও সমন্বয়ের সময়) আর্থিক বিবরণীর Notes to the Accounts এ উল্লেখ করতে হবে;

৩) বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড এ যে সমস্ত বিষয়ের উপর Deferred Tax Liability হিসাবভুক্ত করার উল্লেখ রয়েছে সে সমস্ত বিষয়ের উপর আবশ্যিকভাবে তা হিসাবভুক্ত করতে হবে;

৪) কোন অবস্থাতেই Deferred Tax Asset ও Deferred Tax Liability কে নীট করে Balance Sheet এ দেখানো যাবে না;

৫) আয়কর সংস্থান সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে বিদ্যমান সকল আইন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক আয়কর সংক্রান্ত হিসাবায়ন আর্থিক বিবরণীর Notes to the Accounts এ উল্লেখ করতে হবে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১১৭৮২৫